

প্রচ্ছন্ন রপ্তানিমুখী  
শিল্প প্রতিষ্ঠান সরাসরি রপ্তানি  
এবং সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান  
প্রচ্ছন্ন রপ্তানি করতে পারবে কিনা ?  
এক্ষেত্রে কি পদ্ধতি অনুসরণযোগ্য হবে  
?

সাধারণ আদেশ-০১/২০১১ তারিখ:  
০৫/১০/২০১১ কাস্টমস বন্ড কমিশনারেটের  
আওতাধীন বন্ডেড ওয়্যার হাউস প্রতিষ্ঠানে  
যুগপৎ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানি কার্যক্রম  
পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলী  
পালনের নির্দেশনা প্রদান করা হয়েছে:

(১) নতুন বন্ড লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে  
বিনিয়োগ বোর্ড ও সংশ্লিষ্ট অনুমোদিত

এ্যাসোসিয়েশন (প্রযোজ্য ক্ষেত্রে) -এর সুপারিশে

“সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক” প্রতিষ্ঠান মর্মে উল্লেখ থাকতে হবে, এবং বিদ্যমান বন্ড  
লাইসেন্সের পরিস্থিতি পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এ্যাসোসিয়েশনের সুপারিশ এবং বিনিয়োগ  
বোর্ড হতে সংশোধনী গ্রহণ করে এ দপ্তরে দাখিল করতে হবে এবং লাইসেন্সে “সরাসরি ও  
প্রচ্ছন্ন রপ্তানিকারক” উল্লেখ করতে হবে;

(২) বিনিয়োগ বোর্ডের সুপারিশের ভিত্তিতে উভয়বিধ কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃতব্য সকল  
উপকরণ ও উৎপাদিত পণ্যের বিবরণ ও এইচ এস কোড বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করে নিতে  
হবে;

(৩) উপকরণের বার্ষিক আমদানি প্রাপ্যতা ঘোষিত মেশিনের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে জাতীয়  
রাজস্ব বোর্ডের আদেশ অনুসরণে এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের অনুকূলে জারীকৃত শুষ্ক  
রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরের (DEDU) সহগ অনুযায়ী নির্ধারণ করা হবে;

(৪) আমদানিকৃত বা সংগৃহীত সকল উপকরণ বন্ড গুদামে গুদামজাতপূর্বক সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তার  
তত্ত্বাবধানে বন্ড রেজিস্টারে ইন্ট্র বন্ড করতে হবে এবং ইউপি বিপরীতে ব্যবহৃত কাঁচামাল  
বন্ড রেজিস্টারে এক্সবন্ড করতে হবে;

(৫) সরাসরি ও প্রচ্ছন্ন উভয় রপ্তানির ক্ষেত্রে ইউপি গ্রহণ বাধ্যতামূলক। শুষ্ক রেয়াত ও প্রত্যর্পণ  
পরিদপ্তরের (DEDU) অনুমোদিত সহগ ব্যতীত প্রচ্ছন্ন রপ্তানির জন্য ইউপি ইস্যু করা হবে না;

(৬) প্রতিষ্ঠানের সকল কার্যক্রম সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা কর্তৃক প্রতিবছর নিরীক্ষা করা হবে এবং  
নিরীক্ষার ভিত্তিতে বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হবে। প্রয়োজনে প্রযোজ্য ক্ষেত্রে  
আনুপাতিক হারে সাময়িক আমদানি প্রাপ্যতা দেয়া হবে;

(৭) সরাসরি রপ্তানির ক্ষেত্রে রপ্তানি এলসি, সেলস কন্ট্রোল ও ইউডি এর ভিত্তিতে উপকরণ  
আমদানি করা হলে তা পাশ বইয়ে এবং বন্ড রেজিস্টারে এন্ট্রি করতে হবে এবং ইউপির  
বিপরীতে উপকরণের ব্যবহার নিশ্চিত করে বন্ড রেজিস্টার ও পাশ বইয়ে এন্ট্রি করে এক্স  
বন্ডের মাধ্যমে রপ্তানি নিশ্চিত করতে হবে;

(৮) নতুন লাইসেন্স ইস্যু সংক্রান্ত রেজিস্টারে ও কম্পিউটার ডাটাবেইজে বন্ড লাইসেন্স নম্বরের  
সঙ্গে এসবিডব্লিউ ও পিবিডব্লিউ উল্লেখ থাকতে হবে। বিদ্যমান লাইসেন্সের ক্ষেত্রে অনুরূপ  
সংশোধনী লিপিবদ্ধ করতে হবে।

উপরোল্লিখিত শর্তাবলীর পাশাপাশি সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানির জন্য দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর  
বিধানাবলী, সংশ্লিষ্ট বিধি-এসআরও-আদেশ-নির্দেশসমূহ প্রযোজ্য হবে।